যুগান্তর

APR. 02 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# চিঠিপত্র

প্রয়োজনেই তা জরুরি হয়ে উঠেছে।

**নাসিরউদ্দিন বিশ্বাস**
মিরপুর-১, ঢাকা

## কিন্ডারগার্টেন সরকারি নিয়ন্ত্রণে আনা হোক

কিন্ডারগার্টেন পদ্ধতি প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় গুণগত পরিবর্তন আনলেও সরকারি কোন নিয়ন্ত্রণ ব্যবস্থা না থাকায় এ পদ্ধতি এক অনিশ্চয়তার মধ্যে পড়েছে। কিন্ডারগার্টেনের সমস্যাগুলোর মধ্যে রয়েছে পাঠ্যবই নির্বাচনে খেয়ালখুশি। শিক্ষক নিয়োগে যোগ্যতার চেয়ে পরিচিতরাই প্রাধান্য পায় বেশি। সরকার কর্তৃক বোর্ড বই সরবরাহ না করা, শিক্ষকদের নির্ধারিত কোন বেতন স্কেল না থাকা এবং সর্বোপরি এর শিক্ষা ব্যবস্থা ব্যয়বহুল বলে তা অধিকাংশ শিক্ষার্থীর নাগালের বাইরে। কিন্ডারগার্টেন সমূহ প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় এক বৈপ্লবিক পরিবর্তন এনেছে তা অস্বীকার করার উপায় নেই। তবে তা একেবারেই নিয়ন্ত্রণহীন। সবার জন্য সমশিক্ষা ব্যবস্থা কায়েমের জন্য সরকার কর্তৃক কিন্ডারগার্টেনসমূহ নিয়ন্ত্রণে আইন প্রণয়ন জরুরি হয়ে পড়েছে। শিক্ষক নিয়োগ বিধি, যোগ্যতা, বেতন স্কেল ইত্যাদি বিধিবদ্ধ আইন দ্বারা নিয়ন্ত্রিত হওয়া প্রয়োজন। সরকার কর্তৃক নির্ধারিত সিলেবাস প্রণয়নের পাশাপাশি কিন্ডারগার্টেনসমূহে বিনামূল্যে বোর্ড বই সরবরাহ করা প্রয়োজন। সর্বোপরি শিক্ষা মন্ত্রনালয়ের একটি বিভাগকে কিন্ডারগার্টেনসমূহ তদারকির দায়িত্ব দেয়া প্রয়োজন। এতে প্রতিষ্ঠানসমূহে জবাবদিহিতা নিশ্চিত হবে এবং এ শিক্ষা ব্যবস্থা একটি সুনিয়ন্ত্রিত রূপ পাবে, উপকৃত হবে জনসাধারণ।

**মুহাম্মদ আলী**
প্রভাষক, হিসাববিজ্ঞান বিভাগ
হযরত এয়াছিন শাহ পাবলিক কলেজ
রাউজান, চট্টগ্রাম